



জেলা পরিষদ  
রাজবাড়ী  
[www.zprajbari.gov.bd](http://www.zprajbari.gov.bd)



শেখ হাসিনার মূলনীতি  
গ্রাম শহরের উন্নতি

স্মারক নং-৪৬.৩০.৮২০০.০০১.১২.০১২.২০-২৭

০৭ অগ্রহায়ণ ১৪২৭ ব.  
তারিখ: -----  
২২ নভেম্বর ২০২০ খ্রি.

## শোক বার্তা

রাজবাড়ী জেলা পরিষদের ১নং ওয়ার্ডের সদস্য জনাব মোঃ নুরুজ্জামান মিয়া COVID-19 রোগে আক্রান্ত হয়ে ২০.১১.২০২০ খ্রি. তারিখ রোজ শুক্রবার রাত ১০:১৫ টায় বঙ্গবন্ধু শেখ মুজিব মেডিক্যাল বিশ্ববিদ্যালয়ে চিকিৎসাধীন অবস্থায় ইন্তেকাল করেন (ইন্না লিল্লাহি ওয়া ইন্না ইলাইহি রাজিউন)। মৃত্যুকালে তাঁর বয়স হয়েছিল ৬৭ (সাতষট্টি) বছর। তিনি স্ত্রী, ১(এক) পুত্র, ১(এক) কন্যা ও বহু গুণগ্রাহী আত্মীয়-স্বজন, বন্ধু-বান্ধব ও রাজনৈতিক সহকর্মী রেখে গেছেন। মৃত্যুকালে তিনি বাংলাদেশ আওয়ামী লীগের গোয়ালন্দ উপজেলা সভাপতি ছিলেন। তিনি গোয়ালন্দ পৌরসভার প্রতিষ্ঠাকালীন প্রশাসক ছিলেন। তিনি একজন সং, ত্যাগী ও জনদরদী রাজনৈতিক নেতা হিসেবে এলাকার উন্নয়নের জন্য নিবেদিত প্রাণ ছিলেন। রাজবাড়ী জেলা পরিষদের পক্ষ থেকে তাঁর মৃত্যুতে আমরা গভীর শোক প্রকাশ করছি এবং মরহুমের বিদেহী আত্মার শান্তি কামনা করছি। মহান আল্লাহ রাব্বুল আলামীন তাঁকে জান্নাতুল ফেরদৌস নসীব করুন। সেই সাথে শোক সন্তপ্ত পরিবারের প্রতি আমরা সমবেদনা জ্ঞাপন করছি।

ফকীর আব্দুল জব্বার

চেয়ারম্যান

জেলা পরিষদ, রাজবাড়ী

ফোন: ০৬৪১-৬৫৩৩৮(অ)

E-mail : [zprajbari@yahoo.com](mailto:zprajbari@yahoo.com)

অনুলিপি: সদয় জ্ঞাতার্থে

- ১। সিনিয়র সচিব, স্থানীয় সরকার বিভাগ, স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- ২। বিভাগীয় কমিশনার, ঢাকা বিভাগ, ঢাকা।
- ৩। জেলা প্রশাসক, রাজবাড়ী।
- ৪। চেয়ারম্যান, উপজেলা পরিষদ, গোয়ালন্দ, রাজবাড়ী।
- ৫। উপজেলা নির্বাহী অফিসার, গোয়ালন্দ, রাজবাড়ী।
- ৬। জেলা নির্বাচন অফিসার, রাজবাড়ী।
- ৭। জনাব মোছাঃ হোসনে আরা বেগম, স্বামী মরহুম মোঃ নুরুজ্জামান মিয়া, শ্রীদাম দত্তের পাড়া, পশ্চিম উজানচর, গোয়ালন্দ, রাজবাড়ী
- ৮। জেলা পরিষদের ওয়েবসাইট।
- ৯। অফিস কপি।